

❖ নীহারেন্দু নাথ।

যা পাও সব খাও
খেতে নেই মানা
মানুষে বিশ কি না খায় -
নেই কারো জানা
খেতে খেতে পেট মোটা
ওপাড়ার সতুদা।
ঘোষ খেয়ে বড়লোক
এপাড়ার বড়দা
ভৃত্যটা গালি খায়
ছাত্রটা খাও বেত
বড়লোক হাওয়া খায়
সঙ্গেতে সাকরেদ
রুটি নেই ভিখারিটা
খালিপেটে খায় জল।
শ্রমিকেরা মদ খেলে
মনিবের মঙ্গল।
সুদখোর সুদ খায়,
দালাল খায় কমিশন,
গরিবেরা মাঘমাসে -
শীত খায় কন্ কন্।
ছোট মাছ ধরে খায় -
বড় বড় মাছেরা,
ইরাক-ইরান খায় বোস-ওবামারা।
সাপে যদি সাপ খায়-
করিনাতো মানা,
মানুষে মানুষ খায় -
আছে কি তা জানা ?

* * * *